দৈনিক ইত্তেফাক

156

তারিখ ... SEP 11 1999 ...
পৃষ্ঠা ২ কলাম ৬

## শিক্ষাবর্ষ যাহাতে নষ্ট হইতে না পারে

সম্প্রতি ঢাকা শিক্ষা বোর্ড কমিটির এক সভায় এসএসসি ও এইচএসসি পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য ছাত্র-ছাত্রীদের পরবর্তী বৎসর ঐ একই বিষয়ে পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। তবে এক বিষয়ের পরীক্ষা পরবর্তী বৎসর না লইয়া চলতি শিক্ষা বৎসরেই সম্পন্ন করা যাইতে পারে। ইহাতে মূল্যবান সময় নষ্ট হইবে না। এই পদ্ধতিতে পরীক্ষায় অংশগ্রহণকারী কৃতকার্য ছাত্র-ছাত্রীরা ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষেই বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তি হইবার সুযোগ পাইবে।

এমতাবস্থায়, এক বিষয়ে অকৃতকার্য ছাত্র-ছাত্রীদের আগামী দুইমাসের মধ্যে ঐ বিষয়ে পরীক্ষা দেওয়ার সুযোগ প্রদানের সিদ্ধান্ত অনুমোদনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

**খায়রুল হক,**
মীরবাগ, ঢাকা।